



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/বি/১৫/শের/১৭৫

তারিখঃ ১৪/১২/২০২৩ খ্রি.

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ০৫/১২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত মঞ্জুরী কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে “ভূরদী ছাল্লাকুড়া উচ্চ বিদ্যালয়”- কে ০১/০১/২০২৪ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ:

১. নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
২. নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
৩. প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়ীতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৪. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৫. বিদ্যালয়ের সংরক্ষিত ও সাধারণ তহবিলে প্রয়োজনীয় পরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৬. মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্তরের জন্য ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৭. বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস/ব্রাঞ্চ এবং শিফট খোলা যাবে না।
৮. স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে (NTRCA) কর্তৃক সুপারিশ ও নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৯. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১০. বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটি দ্বারা বিদ্যালয় পরিচালনা করতে হবে।
১১. বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরি করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
১২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১৩. মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের অন্তত: ০৪(চার) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক ও প্রধান শিক্ষক

ভূরদী ছাল্লাকুড়া উচ্চ বিদ্যালয় (EIN-113746)

উপজেলা: নকলা, জেলা: শেরপুর।

স্মারক নং- মশিবো/বি/১৫/শের/১৭৫(১১)

তারিখ: ১৪/১২/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
৮. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৯. সভাপতি, ভূরদী ছাল্লাকুড়া উচ্চ বিদ্যালয়, নকলা, শেরপুর।
১০. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১১. অফিস কপি।

14.12.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।